



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
গুলফেশী প্লাজা (৭ম তলা)  
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক  
বড় মগবাজার, রমনা  
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-৫১

তারিখ: ২৮ পৌষ ১৪২৬ বাংলা  
১২ জানুয়ারী ২০২০ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

**বিষয়ঃ- শীতাত্তদের মধ্যে শীতবস্ত্র বিতরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমানে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলসহ সারাদেশের উপর দিয়ে প্রবল শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে। ফলে প্রচন্ড শীতে দরিদ্র জনগোষ্ঠি অতি কষ্টে দিনাতিপাত করছে। উল্লেখ্য, প্রত্যেক বছর সরকারের পাশাপাশি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহও শীতাত্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করে থাকে।

বর্ণিত অবস্থায়, স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় সাধনের মাধ্যমে উত্তর-পশ্চিমাঞ্চলসহ শীত কবলিত এলাকায় আপনাদের প্রতিষ্ঠানের গ্রাহকসহ শীতাত্ত দরিদ্র জনগোষ্ঠির মাঝে ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত তহবিল হতে সামর্থ্য অনুযায়ী অর্থ ব্যয়ে শীতবস্ত্র বিতরণ করার জন্য অনুরোধ করা হলো।

এছাড়া বর্ণিত বিষয়ে কার্যক্রম গ্রহণের পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে বিস্তারিত তথ্য ও দলিলাদি দাখিলপূর্বক প্রকৃত ব্যয়কৃত অর্থের কার্যোত্তর অনুমোদন গ্রহণ করার জন্যও আপনাদেরকে অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

পরিচালক

ফোনঃ ৪৮ ৩১ ৫৭ ১৫